

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
উন্নয়ন শাখা
www.dhakadiv.gov.bd

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.২৩.০০৪.১৩- ৫০৫

তারিখঃ ৩১ মে ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : ইনোভেশন বিষয়ে ৬ মাস মেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন কার্যক্রম গতিশীল করণের লক্ষ্যে সম্প্রতি নরসিংদী ও মাদারীপুর জেলায় অনুষ্ঠিত ইনোভেশন সার্কেলে নিম্নোক্ত কর্মপরিকল্পনা-২০১৬ গ্রহণ করা হয়ঃ

- (১) বছরে ০২টি বিভাগীয় ইনোভেশন সার্কেল এর আয়োজন করা;
- (২) ৩০ জুন ২০১৬ তারিখের মধ্যে ১৩টি মডেল উপজেলা জনবান্ধব ভূমি অফিস নির্মাণের কার্যক্রম সমাপ্ত করা হবে;
- (৩) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের ১৩টি মডেল উপজেলার আদলে সংশ্লিষ্ট জেলার প্রতিটি ভূমি অফিসে জনবান্ধব ভূমি অফিসের কার্যক্রম সমাপ্ত করা হবে;
- (৪) প্রতিমাসে জেলা Innovation Team এর সভার আয়োজন এবং সভার কার্যবিবরণী নিয়মিতভাবে বিভাগীয় Innovation Team কে অবহিতকরণ;
- (৫) জেলা পর্যায়ে বিষয় ভিত্তিক সোশ্যাল মিডিয়া আড্ডার ব্যবস্থা করা। মন্ত্রিপরিষদ বিভাগ ও A2I Program এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের আড্ডায় যোগদানের অনুরোধ জানানো এবং এতে বিভাগীয় ইনোভেশন টিম এর সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করা;
- (৬) ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে উদ্যোগসমূহ নিয়মিত ফলোআপ করার নিমিত্ত ক্লাস্টারভিত্তিক মাসিক ভিডিও কনফারেন্স আগামী জুন মাস থেকে শুরু করা এবং অব্যাহত রাখা।
- (৭) বিভাগাধীন প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি সফল পাইলট প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া;
- (৮) বিভাগীয় ইনোভেশন টিম কর্তৃক প্রতি মাসে কমপক্ষে ০২টি পাইলট উদ্যোগ Visit করা
- (৯) জেলা ইনোভেশন টিম কর্তৃক নিয়মিত তাঁর জেলার পাইলট উদ্যোগসমূহ Visit করবে;
- (১০) প্রতি জেলা হতে তিন জন উদ্ভাবনী উদ্যোক্তা বাছাই করা হবে; যারা বিভাগীয় পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগ প্রতিযোগিতায় অংশ নিবে। এদের মধ্যে সেরা তিনজনকে সেরা উদ্ভাবনী উদ্যোক্তা হিসেবে বাছাই করা হবে;
- (১১) এটুআই এর মাধ্যমে জনসেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- (১২) উদ্ভাবনের জন্য স্বীকৃতি প্রদান করা হবে;
- (১৩) উদ্ভাবনী উদ্যোগ তৈরি ও বাস্তবায়ন কোন বিচ্ছিন্ন বিষয় হিসেবে না নিয়ে সহজে জনসেবা প্রদানের অবিচ্ছেদ্য অংশ হিসেবে দৈনন্দিন কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত করতে কর্মকর্তাদের উৎসাহিত করা হবে;

কর্মপরিকল্পনা ০৫ এর আলোকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা ভিত্তিক ফলোআপের নিমিত্ত সমগ্র ঢাকা বিভাগকে নিম্নোক্তভাবে ০২টি ক্লাস্টারে বিভক্ত করা হয়েছেঃ

অঞ্চলের নাম	জেলার নাম
ঢাকা অঞ্চল	নারায়ণগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ, ঢাকা, নরসিংদী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল
ফরিদপুর অঞ্চল	শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মুন্সীগঞ্জ,


ক্লাস্টার ভিত্তিক ভিডিও কনফারেন্সের পরবর্তী ৬ মাসের সূচি নিম্নরূপঃ

মাসের নাম	তারিখ	অঞ্চল	মাসের নাম	তারিখ	অঞ্চল
জুন/১৬	১৫/০৬/২০১৬	ঢাকা অঞ্চল	সেপ্টেম্বর/১৬	১৫/০৯/২০১৬	ফরিদপুর অঞ্চল
জুলাই/১৬	২০/০৭/২০১৬	ফরিদপুর অঞ্চল	অক্টোবর/১৬	১৯/১০/২০১৬	ঢাকা অঞ্চল
আগস্ট/১৬	২২/০৮/২০১৬	ঢাকা অঞ্চল	নভেম্বর/১৬	২২/১১/২০১৬	ফরিদপুর অঞ্চল

এছাড়া কর্মপরিকল্পনা ০৬ এর আলোকে বিষয়ভিত্তিক সোশ্যাল মিডিয়া আড্ডার পরবর্তী ছয় মাসের সময়সূচি নিম্নরূপ নির্ধারণ করা হলঃ

মাসের নাম	ঢাকা অঞ্চল	ফরিদপুর অঞ্চল
জুন/১৬	কিশোরগঞ্জ : ১৩/০৬/২০১৬	মুন্সীগঞ্জ : ০৬/০৬/২০১৬
জুলাই/১৬	গাজীপুর : ১১/০৭/২০১৬	শরীয়তপুর : ১৯/০৭/২০১৬
আগস্ট/১৬	মানিকগঞ্জ : ০৮/০৮/২০১৬	মাদারীপুর : ১৭/০৮/২০১৬
সেপ্টেম্বর/১৬	ঢাকা : ১৯/০৯/২০১৬	গোপালগঞ্জ : ০৬/০৯/২০১৬
অক্টোবর/১৬	টাঙ্গাইল : ১৮/১০/২০১৬	রাজবাড়ী : ০৭/১০/২০১৬
নভেম্বর/১৬	নরসিংদী : ০৮/১১/২০১৬	ফরিদপুর : ১৫/১১/২০১৬
ডিসেম্বর/১৬	নারায়ণগঞ্জ : ০৬/১২/২০১৬	

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নির্ধারিত তারিখে ভিডিও কনফারেন্স ও সোশ্যাল মিডিয়া আড্ডার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক কর্মপরিকল্পনা ২০১৫ বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শাফিয়া আক্তার শিমু)
সহকারী কমিশনার (উন্নয়ন)
ফোন : ৮৩৯২২৫২

জেলা প্রশাসক (সকল)

.....ঢাকা বিভাগ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।

০২। যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।